আজকের কাগজ

তারিখ 3 1 DEC 1993

পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# নরসিংদীতে প্রবেশপত্রবিহীন ২৮ জন ছাত্র–ছাত্রী জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশ নেয়

প্রবেশপত্র বিহীন অবস্থায় মাধবদী এসপি ইনস্টিটিউটের ২৮ জন ছাত্র-ছাত্রী জুনিয়র বৃত্তি পরীক্ষা দিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। জানা যায় উক্ত বিদ্যালয়ের ২৮ জন ছাত্র-ছাত্রী জুনিয়র বৃত্তি পরীক্ষা দেয়ার জন্যে বিদ্যালয়ের করণিক (ক্লার্ক) মোঃ ওবায়দুর রহমানের কাছে ১ হাজার ৫শ ৪০ টাকা পরীক্ষার ফি বাবদ প্রদান করে। করণিক উক্ত টাকা স্কুলে জমা না দিয়ে আত্মসাৎ করে। ফলে ছাত্র-ছাত্রিরা পরীক্ষা দিতে এলে স্কুল কর্তৃপক্ষ প্রবেশ পত্র দিতে ব্যর্থ হলে ছাত্র-ছাত্রিদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। পরে নরসিংদী সদর থানা নির্বাহী কর্মকর্তার নির্দেশে প্রবেশপত্র ছাড়াই তাদের পরীক্ষা নেয়া হয়। এ ব্যাপারে বিদ্যালয়ের সহসভাপতি ফজলুর রহমান বাদী হয়ে নরসিংদী সদর থানায় একটি মামলা দায়ের করেছে। করণিক ওবায়দুর রহমান বর্তমানে পলাতক রয়েছে। নরসিংদী থেকে মোশারফ হোসেন।